রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ২৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**বাস্তবায়ন-১ অনুবিভাগ**
**বাস্তবায়ন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২/ ২৭ জুলাই ২০২৫

নং ০৭.০০.০০০০.০০০.১৬১.২২.০০০১.২৫.১১৪—সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত প্রজাতন্ত্রের সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের জন্য জাতীয় বেতন কমিশন গঠনার্থে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে নিম্নরূপভাবে **জাতীয় বেতন কমিশন, ২০২৫** গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| সভাপতি (পূর্ণকালীন): | | জনাব জাকির আহমেদ খান<br>সাবেক অর্থসচিব |
| সদস্য (পূর্ণকালীন): | (০১) | ড. মোহাম্মদ আলী খান, এনডিসি<br>সাবেক সচিব |
| | (০২) | জনাব মোঃ মোসলেম উদ্দীন<br>সাবেক হিসাব মহানিয়ন্ত্রক |
| | (০৩) | জনাব মোঃ ফজলুল করিম<br>সাবেক রাষ্ট্রদূত |
| সদস্য (খন্ডকালীন): | (০৪) | জনাব আহমেদ আতাউল হাকিম<br>সাবেক মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক |
| | (০৫) | ড. মোহাম্মদ জাহিদ হোসাইন<br>সাবেক সরকারি কর্মকর্তা |


মূল্য : টাকা ৮.০০

(০৬) ড. জিশান আরা আরাফুন্নেসা
সাবেক সচিব

(০৭) মেজর জেনারেল (অবঃ) এ আই এম মোস্তফা রেজা নূর, এনডিসি

(০৮) ড. মোঃ হাবিবুর রহমান
ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক

(০৯) মিজ্ তহমিনা বেগম
সাবেক গ্রেড-১ কর্মকর্তা

(১০) অধ্যাপক মোঃ মাকছুদুর রহমান সরকার, এফসিএমএ
চেয়ারম্যান, একাউন্টিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(১১) ড. মোহাম্মদ সামছুল আলম ভূঁঞা
প্রফেসর, এনিমেল ব্রিডিং এন্ড জেনেটিক্স বিভাগ
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

(১২) ড. এ.কে.এম. মাসুদ
প্রফেসর, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)

(১৩) অধ্যাপক সৈয়দ আতিকুল হক
সাবেক চেয়ারম্যান, ইন্টারনাল মেডিসিন বিভাগ
বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

(১৪) অধ্যাপক এ. কে. এনামুল হক, পিএইচডি
মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

(১৫) সশস্ত্র বাহিনীর একজন প্রতিনিধি
(প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)

(১৬) আইন ও বিচার বিভাগের একজন প্রতিনিধি
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(আইন ও বিচার বিভাগ কর্তৃক মনোনীত)

(১৭) জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি
(জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)

(১৮) জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি
স্বরাষ্ট্র মন্ত্রণালয় (জননিরাপত্তা বিভাগ কর্তৃক মনোনীত)

(১৯) প্রেসিডেন্ট
ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ

(২০) প্রেসিডেন্ট
ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

(২১) অতিরিক্ত সচিব (প্রবিধি, বাস্তবায়ন, আইন ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(২২) অতিরিক্ত সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

সদস্য-সচিব: (পূর্ণকালীন) সরকারের সচিব/অতিরিক্ত সচিব
(জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নিয়োগপ্রাপ্ত হবেন)

২। কমিশন প্রয়োজনে খণ্ডকালীন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৩। এ কমিশনের কার্যপরিধি হবে (Terms of Reference) নিম্নরূপ:

(১) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান, সরকারি মঞ্জুরিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় এবং রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের [The State-Owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (Ordinance XXXIX of 1985)-এ বর্ণিত শ্রমিক ব্যতীত] জন্য বিদ্যমান বেতন, ভাতা ও অন্যান্য সুবিধা পর্যালোচনাপূর্বক কমিশন নিম্নবর্ণিত বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করবেন:

(ক) কর্মকর্তা-কর্মচারীদের জন্য একটি সময়োপযোগী ও যথোপযুক্ত বেতন কাঠামো নির্ধারণ;

(খ) বিশেষায়িত (Specialised) চাকরিধারীদের বেতন কাঠামো নির্ধারণ;

(গ) বেতন-ভাতার উপর আরোপযোগ্য কর (আয়কর) জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক সরাসরি পরিশোধ করার ক্ষেত্রে বেতন কাঠামো স্থিরীকরণ;

(ঘ) বেতন-বহির্ভূত অন্যান্য সুবিধা, যেমন-বাড়িভাড়া/চিকিৎসা/যাতায়াত/ আপ্যায়ন/ প্রেষণ/কার্যভার/ মহার্ঘ/উৎসব এবং শ্রান্তিবিনোদন ইত্যাদি ভাতা নিরূপণ;

(ঙ) মূল্যস্ফীতির সাথে সামঞ্জস্য রেখে কর্মকর্তা-কর্মচারীদের বেতন সমন্বয়ের পদ্ধতি নিরূপণ;

(চ) যথোপযুক্ত/সময়োপযোগী পেনশনসহ অবসর সুবিধাদি নির্ধারণ;

(ছ) কর্মকর্তা-কর্মচারীগণের কাজের মান নিরূপণ/মূল্যায়নপূর্বক বেতন-ভাতা কাঠামোয় প্রতিফলন;

(জ) সরাসরি সেবা (টেলিফোন, গাড়ি, মোবাইল ফোন ইত্যাদি) সংক্রান্ত প্রাধিকারসমূহ আর্থিক সুবিধায় নগদায়ন এবং রেশন সুবিধা যৌক্তিকীকরণ; এবং

(ঝ) উচ্চতর গ্রেড ও ইনক্রিমেন্ট প্রাপ্তিতে বেতনক্রম নিরীক্ষাক্রমে কোনো অসংগতি পরিলক্ষিত হলে তা দূরীকরণের সুপারিশ প্রণয়ন।

(২) সুপারিশ প্রণয়নকালে কমিশন নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবেন:

(ক) পিতা-মাতাসহ অনূর্ধ্ব ছয় জনের একটি পরিবারের জীবন-যাত্রার ব্যয়;

(খ) অনূর্ধ্ব দুই সন্তানের শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যয়;

(গ) দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, সরকারের সম্পদ পরিস্থিতি, প্রশাসনিক ও নিরাপত্তা ব্যবস্থার জন্য সম্পদের প্রয়োজনীয়তা;

(ঘ) সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানসমূহের আয়-ব্যয়ের অবস্থা;

(ঙ) দারিদ্র্য নিরসনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সম্পদ যোগান ও ক্রমান্বয়ে স্বনির্ভরতা অর্জনের উপায়;

(চ) জনপ্রশাসনে মেধাবী ও দক্ষ কর্মকর্তা নিয়োগ; এবং

(ছ) কর্মকর্তা-কর্মচারীগণের দক্ষতা ও কর্মোদ্যোগ বৃদ্ধি করে সেবার মান উন্নয়ন।

৪। কমিশন এর প্রথম সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন উপস্থাপন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd